# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**24-04-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফায় সাত জেলায় ১৪২-টি আসনে ভোটের জন্য প্রচারাভিযান তুঙ্গে।

বরিষ্ঠ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, রাজ্যে পরিবর্তন অবশ্যম্ভাবী।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পাল্টা দাবি পশ্চিমবঙ্গে কোন মতেই বিজেপি ক্ষমতায় আসতে পারবে না।

২) প্রবীণ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ প্রথম দফার নির্বাচনে বিপুল সংখ্যায় ভোটদানের জন্য রাজ্যবাসীকে অভিনন্দন জানিয়েছেন।

৩) দ্বিতীয় দফার বিধানসভা নির্বাচনের আগে প্রস্তুতি আরও জোরদার করতে আটটি নির্বাচনী জেলায় ওয়েব কাস্টিং প্রক্রিয়ার ট্রায়াল রান শুরু হয়েছে ।

এই দফার ভোটের জন্য ইভিএম ও ভিভিপ্যাট কমিশনিং এর কাজ চলবে আগামীকাল পর্যন্ত।

৪) সুপ্রিম কোর্ট পশ্চিমবঙ্গের এস আই আর সংক্রান্ত মামলার আর কোন শুনানি গ্রহণ করতে অস্বীকার করেছে।

৫) দেশজুড়ে আজ পালিত হচ্ছে জাতীয় পঞ্চায়েতীরাজ দিবস।

oooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় ও চূড়ান্ত দফায় ৭-টি জেলার **১৪২**টি আসনে আগামী ২৯ এপ্রিল ভোট গ্রহণের জন্য প্রচারাভিযান এখন তুঙ্গে।

বরিষ্ঠ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, রাজ্যে পরিবর্তন অবশ্যম্ভাবী। দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে আজ এক জনসভায় শ্রী মোদী বলেন, কয়েকটি জেলায় তৃণমূল কংগ্রেস একটি আসনও পাবে না। প্রথম দফার ভোটের হার থেকে তা প্রমাণিত। দ্বিতীয় দফায় এই রেকর্ড ভেঙে দিয়ে বিকশিত বাংলা গড়ে তোলার আহ্বান জানান তিনি।

(বাইট – প্রধানমন্ত্রী)

শ্রী মোদী বলেন, শাসক দলের মদতে অনুপ্রবেশের কারণে বাংলার যুব সম্প্রদায়কে ভিন রাজ্যে চলে যেতে হচ্ছে কাজের সন্ধানে। রাজ্যের পরিবর্তন ঘটলেই একমাত্র এই সমস্যার সমাধান সম্ভব। যাদবপুর বিশ্ববিদ্যালয় প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, ক্যাম্পাসের ভিতরে হুমকি দেওয়া, দেওয়ালে দেশবিরোধী কথাবার্তা লেখা হচ্ছে। ছাত্রদের মিছিলে হাঁটতে বাধ্য করা হচ্ছে। পড়াশোনা হচ্ছে না। এই শিক্ষা কেন্দ্রকে বাঁচাতে রাজ্য সরকার কি উদ্যোগ নিয়েছে সেই প্রশ্নও তোলেন তিনি।

এর আগে প্রধানমন্ত্রী পানিহাটিতে এক প্রচারসভায় তৃণমূল কংগ্রেসকে মহিলা বিরোধী দল বলে উল্লেখ করেন। তিনি বলেন, শাসক দলের মহা জঙ্গলরাজ বাংলা থেকে এক তরুণী চিকিৎসককে কেড়ে নিয়েছে। নারী নির্যাতনের বিষয়ে সন্দেশখালির কথাও উল্লেখ করেন তিনি।

দলের আর এক নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ উত্তর ২৪ পরগনার হিঙ্গলগঞ্জে এক জনসভায়, বাংলায় রাজনৈতিক পরিবর্তনের সূচনা হয়েছে বলে উল্লেখ করেছেন। সন্দেশখালির প্রসঙ্গ তুলে শ্রী শাহ্ বলেন, মহিলাদের ওপর অত্যাচারের ঘটনায় অভিযুক্তদের বিরুদ্ধে ফাইল বিজেপি ক্ষমতায় এলে পুনরায় খোলা হবে।

দোষীরাও কঠোর শাস্তি পাবে। পরে তিনি হুগলীর কোন্নগরেও একটি জনসভাতেও ভাষণ দেন।

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ হাওড়ায় এক জনসভায় যোগ দিয়ে বলেন, পশ্চিমবঙ্গে কোন মতেই বিজেপি ক্ষমতায় আসতে পারবে না। গত নির্বাচনে ওই দল যা আসন পেয়েছিল, এবার তার অর্দ্ধেকও পাবে না।

(বাইট – মমতা)

পরে যাদবপুর বিশ্ববিদ্যালয় নিয়ে প্রধানমন্ত্রীর কটাক্ষেরও তীব্র প্রতিক্রিয়া জানান, তৃণমূল কংগ্রেস নেত্রী। যাদবপুরে এক  জনসভায় তিনি বলেন, কেন্দ্রীয় সরকারের NIRF-এ  প্রতি বছর শীর্ষ স্থান অর্জন করে যাদবপুর বিশ্ববিদ্যালয়। সেখানকার ছাত্র-ছাত্রীরা তাদের যোগ্যতার ভিত্তিতেই জায়গা করে নিয়েছেন। সেই উৎকর্ষের কেন্দ্রকেই প্রধানমন্ত্রী অপমান করছেন বলে মুখ্যমন্ত্রীর দাবি।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় কেন্দ্রের বিজেপি সরকারের তীব্র সমালোচনা করেছেন। হাওড়ার জগৎবল্লভপুরে এক সভায় তিনি বলেন, যে উন্নয়নের কাজ রাজ্যের শাসকদল শুরু করেছে, আগামী দিনেও তা অব্যাহত থাকবে। এব্যাপারে বিজেপি-কে চ্যালেঞ্জ ছুঁড়ে দেন তিনি।

এদিকে, কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী প্রথম দফায় রাজ্যে ব্যাপক হারে ভোট পড়াকে সরকার বিরোধী ভোট হিসেবে অবিহিত করেছেন। বহরমপুরে তিনি আজ সাংবাদিকদের বলেন, এস আই আর-এর আতঙ্ক এক্ষেত্রে কিছুটা কাজ করেছে।

(বাইট – অধীর)

রাজ্যসভায় কংগ্রেসের উপ-দলনেতা প্রমোদ তিওয়ারী বলেছেন, পশ্চিমবঙ্গে কংগ্রেস এবার ভালো ফল ও নির্ণায়ক শক্তি হিসেবে আত্মপ্রকাশ করবে।

বামফ্রন্ট, আই এস এফ সহ অন্য দলের পক্ষ থেকেও মিটিং, মিছিল, জনসভা চলেছে।

oooooooooooooooooo

বরিষ্ঠ বিজেপি নেতা , কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল প্রথম দফার নির্বাচনে বিপুল সংখ্যায় ভোটদানের জন্য রাজ্যবাসীকে অভিনন্দন জানিয়েছেন। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, মানুষ পরিবর্তন এবং ভয় থেকে বেরিয়ে ভরসার জন্য ভোট দিয়েছে। মানুষ গতকাল যেভাবে স্বতঃস্ফূর্তভাবে ভোট দিয়েছে তাতে বাংলা যে পরিবর্তনের পথে এগোচ্ছে তা প্রমাণিত ।

শ্রী শাহ আরও বলেন, দীর্ঘ সময় পর বাংলায় কোন প্রাণহানি ছাড়াই ভোট হয়েছে যা এক প্রকার চমৎকার।

( বাইট – শাহ্)

মানুষ ভয় মুক্ত হয়ে গণতন্ত্রের উৎসবে শামিল হয়েছে। বিগত নির্বাচনগুলির তুলনায় এবার আহতের সংখ্যা অনেক কম। এজন্য তিনি নির্বাচন কমিশন,কেন্দ্রীয় বাহিনী ও পুলিশকে ধন্যবাদ জানান।

oooooooooooooooooooo

রাজ্যে দ্বিতীয় দফার বিধানসভা নির্বাচনের আগে প্রস্তুতি আরও জোরদার করতে আটটি নির্বাচনী জেলায় ওয়েব কাস্টিং প্রক্রিয়ার ট্রায়াল রান শুরু হয়েছে । নির্বাচন কমিশন সূত্রে খবর, তিনটি শিফটে টানা ২৪ ঘণ্টাই চলবে এই মহড়া। ভোটের পাঁচ দিন আগে, অর্থাৎ পি মাইনাস ফাইভ ডে থেকেই এই ট্রায়াল শুরু করে দিলো কমিশন।

কমিশন সূত্রে আরও জানা গিয়েছে, এই ট্রায়াল রানের মাধ্যমে বুথভিত্তিক নজরদারি ব্যবস্থা খতিয়ে দেখা হচ্ছে। সিইও দফতরে উপস্থিত রয়েছেন দফতরের আধিকারিক, কেন্দ্রীয় বাহিনীর প্রতিনিধি এবং রাজ্য ও কলকাতা পুলিশের আধিকারিকরা।

অন্যদিকে সংশ্লিষ্ট আটটি নির্বাচনী জেলায় গোটা প্রক্রিয়া পর্যবেক্ষণ করছেন স্থানীয় প্রশাসনিক কর্তারা। পাশাপাশি নির্বাচন কমিশনের সদর দফতর থেকেও উচ্চপদস্থ কর্মকর্তারা ট্রায়াল রানের উপর নজর রাখছেন।

কমিশনের মতে, ভোটের দিন কোনওরকম প্রযুক্তিগত ক্রুটি এড়াতে এবং প্রতিটি বুথে নিরবচ্ছিন্ন নজরদারি নিশ্চিত করার লক্ষ্যে আগাম এই মহড়া বিশেষ গুরুত্বপূর্ণ।

oooooooooooooooooo

রাজ্যে দ্বিতীয় দফায় ১৪২টি আসনে নির্বাচনের জন্য আগামীকাল পর্যন্ত ইভিএম ও ভিভিপ্যাট কমিশনিং এর কাজ চলবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। পাশাপাশি ভোটের দিন অপরিহার্য ও নির্বাচনের কাজে যুক্ত কর্মীরা আগামীকাল পর্যন্ত সংশ্লিষ্ট রিটার্নিং আধিকারিকের সদর দপ্তরে পোস্টাল ভোট দিতে পারবেন।
এদিকে নির্বাচনের আগে বিশেষ অভিযান চালিয়ে নগদ অর্থ, মদ,মাদক জাতীয় দ্রব্য, মূল্যবান ধাতু সহ বুধবার পর্যন্ত ৪৮ হাজার ১৩৯ লক্ষ ৩৯ হাজার টাকার সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর থেকে আজ এ কথা জানানো হয়েছে।

oooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৬ শে এপ্রিল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৩-তম** পর্ব।
আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।
হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

oooooooooooooooooo

সুপ্রিম কোর্ট আজ পশ্চিমবঙ্গের এস আই আর সংক্রান্ত মামলার আর কোন শুনানি গ্রহণ করতে অস্বীকার করেছে। প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং দুই বিচারপতি জয়মাল্য

বাগচি ও বিপুল এম পাঞ্চলির বেঞ্চ SIR নিয়ে দায়ের হওয়ার রিট পিটিশন খারিজ করে দিয়েছে। এবার থেকে এসংক্রান্ত কোন আবেদন জানাতে হলে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির কাছেই তা করতে হবে।

এছাড়াও বাদ পড় নাম ঝাড়াই – বাছাই-এর জন্য গঠিত অ্যাপিলেট ট্রাইব্যুনালের কাছে আবেদন করা যেতে পারে। যাদের নাম এস আই আর এবং দায়ের করা আবেদন থেকে বাদ দেওয়া হয়েছে, তাদের কথা মাথায় রেখেই ট্রাইব্যুনালগুলিকে নিয়ম বহির্ভূতভাবে শুনানি গ্রহণ করতেও বলেছে সর্বোচ্চ আদালত।

একই সঙ্গে হাইকোর্টের বেঞ্চ, রাজ্যে প্রথম দফার বিধানসভার নির্বাচনে ৯২ শতাংশে বেশি ভোট পড়া এবং শান্তিপূর্ণভাবে তা অতিবাহিত হওয়ায় নির্বাচন কমিশনের ভূমিকার প্রশংসা করেন। প্রধান বিচারপতি বলেন, মানুষ যখন নির্ভয়ে ভোটাধিকার প্রয়োগ করেন তখন গণতান্ত্রিক ব্যবস্থা আরও শক্তিশালী হয়। কেন্দ্রের তরফে সলিসিটার জেনারেল তুষার মেহেতাও জানান, ৯২ শতাংশের বেশি ভোট পড়ার ঘটনা এক ঐতিহাসিক বিষয়। এক্ষেত্রে কেন্দ্রীয় বাহিনীর ভূমিকার প্রশংসা করেন তিনি।

oooooooooooooooooooo

মালদার মোথাবাড়িতে এস আই আর-এর কাজ চলাকালীন বিচারবিভাগীয় আধিকারিকদের হেনস্থা ও ঘেরাও করার ঘটনায় জাতীয় তদন্তকারী সংস্থা এন আই এ আজ সুপ্রিম কোর্টে প্রাথমিক রিপোর্ট জমা দিয়েছে। প্রধান বিচারপতি সূর্যকান্তের নেতৃত্বে তিন বিচারপতির বেঞ্চে এই রিপোর্ট পেশ করার পরই এন আই এ চার্জশিট জমা দেওয়ার জন্য শীর্ষ আদালতের কাছে সময় চায়। সুপ্রিম কোর্ট এসংক্রান্ত প্রয়োজনীয় অনুমতি দিয়েছে। এরফলে এন আই এ তদন্ত করে চার্জশিট জমা দেওয়ার ক্ষেত্রে আর কোন বাধা রইল না।

oooooooooooooooooooooo

দেশজুড়ে আজ পালিত হচ্ছে জাতীয় পঞ্চায়েতি রাজ দিবস। ১৯৯৩ সালে কার্যকর হওয়া ৭৩ তম সংবিধান সংশোধনী আইন -এর স্মরণে প্রতি বছর ২৪ এপ্রিল এই দিনটি উদযাপন করা হয়।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

oooooooooooooooooo

পূর্ব উত্তরপ্রদেশ থেকে দক্ষিণ বাংলাদেশ পর্যন্ত বিস্তৃত একটি অক্ষরেখা বিহার, ঝাড়খণ্ড ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উপর অবস্থান করছে। এর ফলে বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প প্রবেশ করায় রাজ্যজুড়ে ঝড় বৃষ্টির সম্ভাবনা। তবে এরই সঙ্গে পশ্চিমের জেলা গুলিতে উষ্ণ ও অস্বস্তিকর আবহাওয়াও বজায় থাকবে।

oooooooooooooooooooo

প্রবীণ অভিনেতা ও কন্ঠ শিল্পী বিপ্লব দাশগুপ্ত প্রয়াত ।বেশ কিছুদিন ধরেই তিনি অসুস্থ ছিলেন। আজ ভোরের দিকে তাঁর শারীরিক অবস্থার অবনতি হলে হাসপাতালে নিয়ে যাবার পথে তাঁর মৃত্যু হয়।

দক্ষিণ কলকাতার গলফ ক্লাব এলাকা বাসিন্দা,সত্তোরোত্তীর্ণ এই অভিনেতা, প্রথম জীবনে দূরদর্শনের সংবাদ পাঠক হিসেবে জনপ্রিয়তা অর্জন করেন। পরবর্তীতে আবৃত্তিকার ও অভিনেতা হিসেবে পরিচিত হয়ে ওঠেন। কর্মজীবনের শুরুতে তিনি শিক্ষকতার সঙ্গেও যুক্ত ছিলেন।

দেবতার গ্রাস, ফেলুদা, বাইশে শ্রাবণ, গুমনামির মতো ছবিগুলিতে তাঁর অভিনয় প্রশংসিত হয়। ছোট পর্দার বহু ধারাবাহিকেও তাঁকে অভিনয় করতে দেখা গেছে।

বিকেলে তাঁর মরদেহ শেষ শ্রদ্ধা নিবেদনের জন্য টেকনিশিয়ানস স্টুডিওয়  নিয়ে আসা হয়। এরপর হয় শেষকৃত্য ।

oooooooooooooooooo

oooooooooooooooooooo